

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৭৮টি প্রতিষ্ঠানকে ৪.০১ লক্ষ টাকা জরিমানা

৪ অক্টোবর ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়স্বীকৃত জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ২১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রংপুর, চট্টগ্রাম, মাদারীপুর, টাঙ্গাইল, নওগাঁ, কিশোরগঞ্জ, সিরাজগঞ্জ, চুয়াডাঙ্গা, বাগেরহাট, লক্ষ্মীপুর, কুড়িগ্রাম, পঞ্চগড়, ঝালকাঠি, পটুয়াখালী, ঝিনাইদহ, কুমিল্লা, বরিশাল ও গোপালগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর উত্তরা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে হারভেস্ট ও বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডারকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা করে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে ইন্টারন্যাশনাল ফুড কর্ণারকে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

রংপুর বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক খন্দকার মোহাম্মদ নুরুল আমিনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের পাচলাইশ থানা এলাকায় ২টি প্রতিষ্ঠানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের চান্দগাঁও থানা এলাকায় ৫টি প্রতিষ্ঠানকে ২১,০০০/- (একুশ হাজার) টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুরের শিবচর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইল সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ এর রাণীনগর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- (বার হাজার) টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জ সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, সিরাজগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌলার নেতৃত্বে সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলায় ৭টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে চুয়াডাঙ্গা সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাটের চিতলমারী উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৯,০০০/- (উনিশ হাজার) টাকা, লক্ষ্মীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানীষ রায়ের নেতৃত্বে লক্ষ্মীপুরের রামগঞ্জ উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (তের হাজার) টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রাম সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ২৭,৫০০/- (সাতাইশ হাজার পাঁচশত) টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির কাঠালিয়া উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালীর দশমিনা উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার আদর্শ সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- (বার হাজার) টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টাকা এবং গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৪,৯০০/- (চার হাজার নয়শত) টাকাসহ মোট ২,৩০,৪০০/- (দুই লক্ষ ত্রিশ হাজার চারশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কাজী আবু সাক্বির (মিনা বাজার), শর্মা হাউজ, EAT STOP হাউজ, Sub Lovers' এবং স্বপ্ন কে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৩৬,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৫ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৯,০০০/- (নয় হাজার) টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে প্রিন্স বাজার, Comic Cafe, Mehedi Mart, Farid Bon Appetite এবং The Handi কে যথাক্রমে ৪,০০০/- (চার হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ৪,০০০/- (চার হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা ও ৬০০/- (ছয়শত) টাকাসহ মোট ১২,৬০০/- (বার হাজার ছয়শত) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৫ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৩,১৫০/- (তিন হাজার একশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মাস্টার শেপ বাংলা রেস্তোরাঁকে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করা হয়।

আজকের ২১টি বাজার তদারকি ও ১১টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৭৮টি প্রতিষ্ঠানকে মোট ৪,০১,০০০/- (চার লক্ষ এক হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ১১ জন অভিযোগকারীকে মং ১২,৬৫০/- (বার হাজার ছয়শত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, স্যানিটারী ইন্সপেক্টর, মৎস্য কর্মকর্তা, কৃষি কর্মকর্তা এবং ক্যাভ এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, খুলনা, রংপুর ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, রংপুর, চট্টগ্রাম, মাদারীপুর, টাঙ্গাইল, নওগাঁ, কিশোরগঞ্জ, সিরাজগঞ্জ, চুয়াডাঙ্গা, বাগেরহাট, লক্ষ্মীপুর, কুড়িগ্রাম, পঞ্চগড়, ঝালকাঠি, পটুয়াখালী, ঝিনাইদহ, কুমিল্লা, বরিশাল ও গোপালগঞ্জ।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, রংপুর, চট্টগ্রাম, মাদারীপুর, টাঙ্গাইল, নওগাঁ, কিশোরগঞ্জ, সিরাজগঞ্জ, চুয়াডাঙ্গা, বাগেরহাট, লক্ষ্মীপুর, কুড়িগ্রাম, পঞ্চগড়, ঝালকাঠি, পটুয়াখালী, ঝিনাইদহ, কুমিল্লা, বরিশাল ও গোপালগঞ্জ।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।